

আমবাসা কো-অর্ডিনেশন কমিটির পর্যালোচনা সভা অনুষ্ঠিত

আমবাসা মহকুমা কো-অর্ডিনেশন কমিটির এক পর্যালোচনা সভা গতকাল আমবাসা মহকুমা শাসকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আমবাসা মহকুমা শাসক জে ডি দোয়াতি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিধায়ক পরিমল দেববর্মা, আমবাসা ব্লক আধিকারিক চন্দ্র কৃষ্ণ মলসম সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় আমবাসা মহকুমা এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, পরিকাঠামোগত উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল, সেনিটেশন, বনায়ন সৃষ্টি, বাঁশবাগান, ফলের বাগান ইত্যাদির অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন বিধায়ক পরিমল দেববর্মা সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ।

সভায় ধলাই জেলা পি এম জি এস ওয়াই কার্যালয়ের আধিকারিক জানান, মহকুমার ডলুবাড়ী থেকে ধনছড়া এবং আমবাসা-কমলপুর রাস্তা থেকে পশ্চিম নালীছড়া পর্যন্ত ২টি গ্রামীণ রাস্তা নির্মাণ করা হয়েছে।

আমবাসা ব্লক আধিকারিক সভায় জানান, এম জি এন রেগার মাধ্যমে ব্লক এলাকার বিভিন্ন স্থানে রাস্তা নির্মাণের কাজ চলছে। পাশাপাশি বিভিন্ন গ্রামে এম জি এন রেগার মাধ্যমে অর্থকরী ফলের বাগান এবং বাঁশ বাগান করার পরিকল্পনা রয়েছে। সভায় ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের শিকারীবাড়ী জোনাল কার্যালয়ের পূর্ত বিভাগের আধিকারিক জানান, আমবাসা ব্লক এলাকার সিদ্ধি পাড়া থেকে বুধরাম পাড়া পর্যন্ত একটি রাস্তা নির্মাণ করা হয়েছে। এতে ৪৮ লক্ষ টাকা ব্যয় হয়। এছাড়াও উপনগর বাজারে একটি মার্কেট শেড নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে।

জি এস